120

# দৈনিক খবর

তারিখ ... ৮/১০/৯১
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৪ ...

### ইসলামী বিশ্ববিদ্যালয় ঃ

## ক্লাস শুরু ঃ উপস্থিতি নগণ্য ॥ হলের দখল শিবির ছাড়েনি

কুষ্টিয়া, ৭ই অক্টোবর (মতিউর রহমান প্রেরিত) ।- ইসলামী বিশ্ববিদ্যালয় দীর্ঘদিন বন্ধ থাকার পর আজ কর্তৃপক্ষ ক্লাস খুলে দিয়েছে। কিন্তু ছাত্র-ছাত্রীদের উপস্থিতি ছিল খুবই নগণ্য। বিভিন্ন ছাত্র সংগঠনের মিছিলে মিছিলে ক্যাম্পাসে উত্তপ্ত অবস্থা বিরাজ করছে।

অপরদিকে ম্যাটস ছাত্রাবাস ছাত্র শিবিরের সশস্ত্র কর্মীরা আজো দখল করে রেখেছে। বাইরে পুলিশ টহল দিচ্ছে এবং কিছু পুলিশ হলের সামনে অবস্থান নিয়েছে। অথচ ভিতরে শিবিরের কর্মীরা সশস্ত্র অবস্থায় রয়েছে। আজ সকালে ছাত্রলীগের একটি বিরাট মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ করে ছাত্র জমায়েতের আয়োজন করে। সভায় বক্তব্য রাখেন শেখ গিয়াসউদ্দিন মিন্টু, ছাত্রনেতা শাহাজাহান আলম সাজু, কাইয়ুম খান এবং হাবিবুল হক পুলক। বক্তারা ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রশাসনকে দায়ী করে বলেন, কর্তৃপক্ষের সরাসরি সমর্থনে শিবিরের কর্মীরা প্রায় দুই সপ্তাহ হল দখল করে রেখেছে। বিভিন্ন রাজনৈতিক দল ও ছাত্র সংগঠন বারবার অভিযোগ করা সত্ত্বেও হল থেকে সন্ত্রাসীদের বিতাড়িত করা হচ্ছে না। বক্তারা কর্তৃপক্ষকে নিরপেক্ষ থেকে অবিলম্বে বিশ্ববিদ্যালয়ে সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার জন্য জোর দাবী জানান।

এদিকে ইসলামী বিশ্ববিদ্যালয় আন্দোলনে কারাবরণকারী আওয়ামী লীগ নেতা বদরুদ্দিন বদু, ছাত্রনেতা স্বপন ঘোষ ও জামিরুল ইসলাম যৌথ বিবৃতিতে বলেছেন, একদিন ইসলামী বিশ্ববিদ্যালয় কুষ্টিয়ায় পুনঃস্থাপনের আন্দোলনে কারাবরণ করেছি। জেলাবাসীর প্রাণের দাবীর জন্য আন্দোলন সংগ্রাম করে আমরা বিশ্ববিদ্যালয় এখানে নিয়ে এসেছি। সেই শিক্ষা প্রতিষ্ঠান নিয়ে স্বাধীনতা বিরোধীরা ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। এটা কোনক্রমেই মেনে নেয়া যায় না। অবিলম্বে যদি বিশ্ববিদ্যালয় থেকে শিবিরের সশস্ত্র কর্মীদের বিতাড়িত করা না হয় তাহলে যদি কোন দুঃখজনক ঘটনা ঘটে তার জন্যে প্রশাসনই দায়ী থাকবে।

এদিকে ছাত্র মৈত্রী, ছাত্রদলসহ বিভিন্ন ছাত্রসংগঠন ক্যাম্পাসে মিছিল বের করে।

৮২